

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষা রীতির মিশ্রণ দৃষণীয়।]

১। (ক) 'অ'-ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ:

পদ্ম, আহ্বান, হৃদয়, জ্ঞান, ঐতিহ্য, গদ্য, মসৃণ, শ্রাবণ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে 'অ-তৎসম' শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ:

আকাংখা, উজ্জল, কুজ্জটিকা, পিপিলিকা, আশাঢ়, শান্তনা, গীতাঞ্জলী, পিত্রিদত্ত।

৩। (ক) বিশেষ্য কাকে বলে? বিশেষ্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর।

অথবা,

(খ) নিম্নরেখ যে কোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর:

- (i) 'অনলে পুড়িয়া গেলো'।
- (ii) পায়েহাঁটা পথ ধরে সোজা এগিয়ে গেলাম।
- (iii) সবাই কল্পবাজার যেতে চাইছে।
- (iv) কাজটা ভালোভাবে সম্পন্ন হয়নি।
- (v) আকাশটা কালো মেঘে ঢাকা।
- (vi) আজ খুব ঠান্ডা লাগছে।
- (vii) সূর্যকিরণ শুষ্কিতেছে জল।
- (viii) আজ নয় কাল তুমি আসবে।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।

অথবা,

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যে কোনো পাঁচটি):

দুখেভাতে, দেবদত্ত, আয়কর, পুরুষসিংহ, প্রভাত, দেশান্তর, হাভাতে, চৌচালা।

৫। (ক) একটি সার্থক বাক্যে কী কী গুণ থাকা আবশ্যিক। উদাহরণসহ আলোচনা কর।

অথবা,

(খ) বন্ধনীর নির্দেশ অনুযায়ী বাক্যান্তর কর (যে কোনো পাঁচটি):

- (i) চরিত্রহীন লোক পশুর চেয়েও অধম। (জটিল)
- (ii) যখন তিনি ছিলেন, তখন কোনো জিনিসের অভাব ছিলো না। (সরল)
- (iii) যখন বিপদ আসে তখন দুঃখও আসে। (যৌগিক)
- (iv) পাখিটি খুব সুন্দর। (বিস্ময়সূচক)
- (v) বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ। (প্রশ্নবাচক)
- (vi) মানুষের তৈরি দুর্যোগও কম ক্ষতি করে না। (অস্তিবাচক)
- (vii) 'পুলিশের লোক জানিবে কী করিয়া?' (নেতিবাচক)
- (viii) চুপ করো। (নির্দেশাত্মক)

৬। (ক) যে কোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ:

- (i) ছেলোট বিদুষী হলেও বখাটে।
- (ii) অধিক সন্ন্যাসীতে তাঁতি নষ্ট।
- (iii) অনাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।
- (iv) সাবধান পূর্বক চলবে।

- (v) বাংলাদেশ আমাদের পিতৃভূমি।
(vi) সকল ছাত্রগণ ক্লাসে উপস্থিত ছিলো।
(vii) সবিতা ভয়ংকর মেধাবী।
(viii) দৈন্যতা প্রশংসনীয় নয়।

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ:

ইদানীংকালে যুবসমাজের মধ্যে মাদক ব্যাপক আকারে ছড়াইয়া পড়েছে। দিনদিন মাদকাসক্তের সংখ্যা বাড়িয়াই চলছে। এর ফলে যুবসমাজ ধংসের দ্বারপ্রান্তে পৌঁছেছে।

৭। (ক) যে কোনো দশটি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ:

Realism, Nomination, Idiom, Legend, Sponsor, Dialect, Equality, Hand-bill, First-aid, Renew, E-mail, Vacation, Hostage, Deputation, Gratuity.

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর:

You must have heard the name of Rabindranath Tagore. He is a famous poet of the world. His contribution to Bengali literature is incomparable. He is the poet of life, youth and nature. He is the source of our inspiration.

৮। (ক) তোমার কলেজে উদ্যাপিত নবীনবরণ অনুষ্ঠানের উপর একটি দিনলিপি রচনা কর।

অথবা,

(খ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের উর্ধ্বগতি বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) শিক্ষাসফরে যাওয়ার আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি বৈদ্যুতিন চিঠি লেখ।

অথবা,

(খ) প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য যথাযথ কর্তৃপক্ষের বরাবর একটি আবেদন পত্র রচনা কর।

১০। (ক) সারমর্ম লেখ:

জলহারা মেঘখানি বরষার শেষে
পড়ে আছে গগনের এক কোণ ঘেঁষে।
বর্ষাপূর্ণ সরোবর তারি দশা দেখে
সারাদিন ঝিকিমিকি হাসে থেকে থেকে।
কহে, ওটা লক্ষ্মীছাড়া, চালচুলাহীন,
নিজেরে নিঃশেষ করি, কোথায় বিলীন।
আমি দেখো চিরকাল থাকি জলভরা
সরোবর, সুগভীর নাই নড়াচড়া।
মেঘ কহে, ওহে বাপু, করো না গরব,
তোমার পূর্ণতা সে যে আমারই গৌরব।

অথবা,

(খ) ভাব-সম্প্রসারণ কর:

সংসার সাগরে দুঃখ তরঙ্গের খেলা,
আশা তার একমাত্র ভেলা।

১১। (ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বিষয়ে দুই বন্ধুর মধ্যকার কথোপকথন তুলে ধর।

অথবা,

(খ) 'মাদকাসক্তির কুফল' বিষয়ে একটি খুদে গল্প রচনা কর।

১২। নিচের যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর:

- (ক) সময়ের মূল্য
(খ) বিজয় দিবসের তাৎপর্য
(গ) বাংলাদেশের পোশাক শিল্প
(ঘ) বিজ্ঞানের সুফল ও কুফল
(ঙ) যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে পদক্ষেপ।